

# যক্ষ্মা (TB) সংক্রমণ

## Tuberculosis (TB) Infection

Bengali

### যক্ষ্মা (TB) সংক্রমণ কী?

যক্ষ্মা(TB) TB জীবাণু দ্বারা সৃষ্ট একটি সংক্রমণ। TB বাতাসের মাধ্যমে ছড়ায়।

এটা সম্ভব যে আপনার শরীরে TB জীবাণু আছে কিন্তু আপনি অসুস্থ বোধ করেন না।। এটি TB সংক্রমণ, সুপ্ত TB সংক্রমণ বা 'ঘুমন্ত' TB হিসাবে পরিচিত। আপনি অন্য লোকের কাছে ঘুমন্ত TB ছড়িয়ে দিতে পারবেন না।

আপনার যদি TB সংক্রমণ হয়, তবে যে কোনও ডাক্তারকে আপনার তা বলা উচিত। তারা এই তথ্য গোপন রাখবেন। অন্য কাউকে বলার দরকার নেই।

TB সংক্রমণ TB রোগ ([health.nsw.gov.au/Infectious/tuberculosis/Pages/tuberculosis-factsheets-languages.aspx](http://health.nsw.gov.au/Infectious/tuberculosis/Pages/tuberculosis-factsheets-languages.aspx)) থেকে আলাদা। TB রোগ হয় যখন TB জীবাণু সক্রিয় হয়ে ওঠে বা সংখ্যায় বৃদ্ধি পায় এবং আপনাকে অসুস্থ করে তোলে। যদি এটি ঘটে এবং TB রোগ আপনার ফুসফুসে থাকে, তবে জীবাণুগুলো অন্য লোকের মধ্যে ছড়িয়ে যেতে পারে। কাশি, জ্বর, রাতের ঘাম এবং দ্রুত ওজন কমে যাওয়া TB রোগের কিছু লক্ষণ ও উপসর্গ।

### আমি কীভাবে জানব যে আমার TB সংক্রমণ হয়েছে?

আপনার TB সংক্রমণ আছে কিনা তা জানতে, আপনার ডাক্তার বা নার্স আপনাকে পরীক্ষা করতে বলতে পারেন। দুই ধরনের পরীক্ষা রয়েছে যা তারা অনুরোধ করতে পারেন:

- TB রক্ত পরীক্ষা (একে QuantiFERON Gold বা IGRA ও বলা হয়), অথবা
- টিউবারকুলিন স্কিন টেস্ট (TST বা Mantoux টেস্টও বলা হয়)। এটি সামনের বাহুর ত্বকে একটি ছোট ইনজেকশন।

### আমার কি TB রোগ হবে?

আপনার শরীরের রোগ প্রতিরোধক ব্যবস্থা TB জীবাণুগুলোর সাথে লড়াই করার চেষ্টা করবে। এটি আপনাকে TB রোগে আক্রান্ত হওয়া থেকে রক্ষা করতে পারে।

TB সংক্রমণে আক্রান্ত ১০ জনের মধ্যে প্রায় ১ জন TB রোগে আক্রান্ত হবে। এটি কয়েক মাসের মধ্যেই ঘটতে পারে, তবে আপনি প্রথম TB জীবাণুতে আক্রান্ত হওয়ার অনেক বছর পরে এটি হতে পারে।

নিম্নলিখিত বিষয়গুলো আপনার TB সংক্রমণ থেকে TB রোগ হওয়ার ঝুঁকি বাড়ায় যদি আপনি:

- খুব অল্প বয়স্ক (৫ বছরের কম বয়সী) বা ৬৫ বছরের বেশি বয়সী হন।
- এমন একটি অসুস্থতা রয়েছে যা আপনার রোগ প্রতিরোধক ব্যবস্থাকে দুর্বল করে দেয়, যেমন ডায়াবেটিস।
- এমন ওষুধ সেবন করেন যা আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল করে দেয়।
- মানসিক চাপ বা দুশ্চিন্তার মধ্যে থাকেন যা কিনা আপনার রোগ প্রতিরোধ ক্ষমতাকে দুর্বল করতে পারে।

আপনি যদি উদ্বিগ্ন হন তবে আপনার TB হওয়ার ঝুঁকি সম্পর্কে ডাক্তারের সাথে কথা বলুন।

আপনার ডাক্তার TB রোগ প্রতিরোধ করতে বিশেষ অ্যান্টিবায়োটিক গ্রহণের পরামর্শ দিতে পারেন, বা TB রোগের প্রাথমিক লক্ষণগুলো খুঁজে পেতে নিয়মিত বুকের এক্স-রে পর্যবেক্ষণ ([health.nsw.gov.au/tb-cxr-monitoring](http://health.nsw.gov.au/tb-cxr-monitoring)) করতে পারেন।

### আরও তথ্য

TB সম্পর্কে আরও তথ্যের জন্য, দেখুন [health.nsw.gov.au/tb](http://health.nsw.gov.au/tb)

আপনার ভাষায় বিনামূল্যে সহায়তার জন্য, 13 14 50 নম্বরে অনুবাদ এবং দোভাষী পরিষেবা (TIS) কল করুন।